

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা এর জুলাই, ২০২১ খ্রি. হতে ডিসেম্বর, ২০২১ খ্রি. পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি

বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা।

তারিখঃ ২৭/১২/২০২১ খ্রি.

সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা

অদ্য ২৭/১২/২০২১ খ্রি. তারিখে জনাব মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফরিদপুর, পাবনা সভায় অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জহুরুল ইসলাম, ক্ষেত্র সহকারী, সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ফরিদপুর, পাবনা ১ম ষাণ্মাসিক অবহিতকরণ সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করেন।

আলোচ্য বিষয়সমূহঃ

১। নাগরিক সেবা

২। দাপ্তরিক সেবা

৩। অভ্যন্তরীণ সেবা

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	নাগরিক সেবাঃ প্রশিক্ষণ সামগ্রী বিতরণ	সকল প্রশিক্ষণে মাছচাষ ব্যবস্থাপনার উপর হ্যান্ডনোট চাষিকে প্রশিক্ষণ উপকরণ হিসাবে প্রদান করা।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
০২।	দাপ্তরিক সেবাঃ অডিট আপত্তি ও নিষ্পত্তির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ	অডিট আপত্তির ফাইল হালনাগাদ করে অডিট আপত্তি ও নিষ্পত্তির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত ও জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রেরণ	অফিস সহকারী
০৩।	অভ্যন্তরীণ সেবাঃ সকলের চাকুরী নিয়মিতকরণ ও স্থায়ীকরণের ব্যবস্থা করা	ক্ষেত্র সহকারী জনাব মোঃ জহুরুল ইসলাম এর চাকুরী স্থায়ীকরণের নিমিত্তে প্রয়োজনীয় ডকুমেন্টসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রেরণ করবে।	ক্ষেত্র সহকারী (রাজশ্ব)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।


(মোঃ আব্দুল মতিন)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ফরিদপুর, পাবনা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬৩৩.৫০১.৪৫.০০১.১৬৪/(০৭)

তারিখঃ ২৭/১২/২০২১ খ্রি.

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২) জেলা মৎস্য অফিসার, পাবনা।

৩) সংশ্লিষ্ট নথি।


সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ফরিদপুর, পাবনা।